



রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক

প্রধান কার্যালয়, রাজশাহী

ঋণ ও অগ্রিম বিভাগ-১



ঋণ/অবি-১ সার্কুলার লেটার নং-০১/২০২২

তারিখঃ ১০.০১.২০২২

বিষয়: কৃষি ও পল্লী ঋণ নীতিমালার আওতায় কৃষি ঋণ প্রদানে প্রক্রিয়াকরণ ফি কর্তন না করা প্রসঙ্গে।

ঋণ ও অগ্রিম বিভাগ-১, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী হতে বিভিন্ন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ও ঋণের বন্ধকী দলিল সম্পাদন ফি প্রসঙ্গে গত ২২.১২.২০১১ তারিখে জারীকৃত ঋণ/অবি-১ সার্কুলার নং ১০/২০১১ এবং সর্বশেষ মানিলন্ডারিং, টেরোরিষ্ট ফাইন্যান্সিং প্রিভেনশন এন্ড ব্রাঞ্চেস কন্ট্রোল ডিপার্টমেন্ট কর্তৃক Schedule of charges বিষয়ে ৩০.০৬.২০২১ তারিখে জারীকৃত এমটিএফপি এন্ড বিসিডি সার্কুলার নং-০৩/২০২১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

উল্লিখিত সার্কুলার এর নির্দেশনা অনুসরণে রাকাব কর্তৃক বিতরণকৃত কৃষি ঋণ প্রক্রিয়াকরণ ফি বাবদ আবেদনকৃত ঋণের উপর নিম্ন বর্ণিত হারে ঋণ প্রক্রিয়াকরণ ফি (Loan Application Fee) আদায়ের নির্দেশনা রয়েছে:


ঋণ প্রক্রিয়াকরণ ফি (Loan Application Fee):		
ক.	৫০,০০,০০০/- টাকা পর্যন্ত মোট মঞ্জুরিকৃত ঋণের	সর্বোচ্চ ০.৫০% (অনধিক ১৫,০০০/- টাকা)
খ.	৫০,০০,০০০/- টাকার অধিক পরিমাণ ঋণের ক্ষেত্রে মোট মঞ্জুরিকৃত ঋণের	সর্বোচ্চ ০.৩০% (অনধিক ২০,০০০/- টাকা)

উল্লেখ্য কৃষি ঋণ বিভাগ, বাংলাদেশ ব্যাংক কর্তৃক এসিডি সার্কুলার নং-০১/২০২১, তারিখ: ২৯.০৭.২০২১ এর মাধ্যমে জারীকৃত ২০২১-২০২২ অর্থবছরের কৃষি ও পল্লী ঋণ নীতিমালা ও কর্মসূচির ৫.০৫ অনুচ্ছেদে সকল প্রকার কৃষি ও পল্লী ঋণের ক্ষেত্রে নির্ধারিত সুদ ব্যতিত অন্য কোন নামে কোন প্রকার চার্জ/প্রসেসিং ফি/মনিটরিং ফি ইত্যাদি ধার্য করা যাবে না মর্মে নির্দেশনা প্রদান করা হয়েছে।

এতদপেক্ষিতে, কৃষি ঋণ প্রক্রিয়াকরণে কোন প্রকার ফি গ্রহণ না করার জন্য রাকাব পরিচালনা পর্ষদ কর্তৃক (৩০.১২.২০২১ তারিখের ৫৪২তম সভায়) নির্দেশনা প্রদান করা হয়েছে।

এমতাবস্থায়, এখন থেকে সকল প্রকার কৃষি ও পল্লী ঋণের ক্ষেত্রে নির্ধারিত সুদ ব্যতিত কোন প্রকার ঋণ প্রক্রিয়াকরণ ফি (Loan Processing Fee) গ্রহণ করা যাবে না। বিধায় বিনামূল্যে প্রক্রিয়াকরণ সম্পাদিত হবে।

ইহা অবিলম্বে কার্যকর হবে।


২০.০১.২০২২

অনুমোদনক্রমে-

(শওকত শহীদুল ইসলাম)

উপ-মহাব্যবস্থাপক

প্রকা/ঋণ/অবি-১/৪৪ (ব্যবসায়িক ক্ষমতা)/২০২১-২০২২/৭২২

তারিখঃ ১০.০১.২০২২

সদয় অবগতি এবং প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত অনুলিপি প্রেরিত হলো:

- ০১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৪। মহাব্যবস্থাপক মহোদয়ের স্টাফ অফিসার, রাকাব, বিভাগীয় কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৫। সকল উপ-মহাব্যবস্থাপক, সচিব, বিভাগীয়/ইউনিট/সেল প্রধান, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী।
- ০৬। উপ-মহাব্যবস্থাপক, আইসিটি বিভাগ, রাকাব, প্রধান কার্যালয়, রাজশাহী কে সার্কুলার লেটারটি রাকাব ওয়েব পেজ এ আপলোড এবং পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, রাকাব, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, রাজশাহী/রংপুর।
- ০৮। অধ্যক্ষ রাকাব, প্রশিক্ষণ ইনিষ্টিটিউট, রাজশাহী।
- ০৯। সকল জোনাল ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১০। সকল জোনাল নিরীক্ষা কর্মকর্তা, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক।
- ১১। প্রকল্প পরিচালক, এসইসিপি, সিপিও, উপশহর, রাজশাহী।
- ১২। উপ-মহাব্যবস্থাপক, রাকাব, ঢাকা কর্পোরেট শাখা, ঢাকা/স্থানীয় মুখ্য কার্যালয়, রাজশাহী।
- ১৩। সকল শাখা ব্যবস্থাপক, রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (জোনাল ব্যবস্থাপকের মাধ্যমে)।
- ১৪। অফিস নথি/মহানথি।

(মোঃ হালিম উদ্দীন) ১০.০১.২০২২

উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা